

গোয়েন্দা সম্পৃক্ততার চে' জামাত সম্পৃক্ততা বেশি ভয়ংকর

আকিদুল ইসলাম

প্রিয় নাঈম ভাই, আপনার সঙ্গে আমার প্রথম পরিচয় হয়েছিল সতেরো বছর আগে। ব্যাংককে। আমি তখন দেশের শীর্ষ মাসিক 'নিপুণ' এর সহকারী সম্পাদকের চাকরি ছেড়ে ব্যাংককে ব্যবসা করছি। আপনি একটি আন্তর্জাতিক সাংবাদিক সম্মেলনে যোগ দিতে জার্মানি যাচ্ছিলেন। যাত্রাবিরতি ছিল ব্যাংকক। আপনি যখন বাঙালি অধ্যুষিত পাউরাতের একটি রেস্টুরেন্টে খেতে বসেছেন তখনই চারদিক খবর রটে যায়, 'নাঈমুল ইসলাম খান ব্যাংকক এসেছেন।' বাংলাদেশের আধুনিক সংবাদপত্রের জনক হিসেবে তখন আপনার পরিচিতি দেশ থেকে বিদেশে গিয়েও পৌঁছেছে। আর আমরা যারা সংবাদকর্মী হিসেবে নিজেদের ভাবতে আনন্দ পেতাম তাদের কাছে আপনি ছিলেন আলোকিত এক দেবদূত।

আমি আমার পরিচয় দেয়ার পরেই আপনার প্রথম কথা ছিল, আমার 'কাগজে' লেখা পাঠাও।' আমি বলেছিলাম, আপনি জার্মানি থেকে ফিরলে পাঠাব। আপনি তাড়া দিয়ে বলেছিলেন, আমাকে ফিরতে হবে না। আনিস (আনিসুল হক) আছে, ওর কাছে পাঠিয়ে দাও। আমি ওকে তোমার কথা বলে রাখব।' আপনি আমার কথা বলে রেখেছিলেন কিনা জানি না, আপনি জার্মানি থেকে ফেরার আগেই আমার কয়েকটি কলাম ছাপা হয়েছিল। সেই থেকে শুরু। এই সতেরো বছর ধরেই আমি আপনার সঙ্গে আছি। আপনি যখনই নতুন কোনও কাগজে যোগ দিয়েছেন, নিজে কাগজ বের করেছেন তখনই আমার কানে ভেসে এসেছে সতেরো বছর আগে বলা আপনার সেই মুঞ্চ উচ্চারণ 'আমার কাগজে লেখা পাঠাও।' সর্বশেষ যখন 'আমাদের সময়' বের করলেন তখন অস্ট্রেলিয়া থেকে ফোন করে অভিনন্দন জানালে আপনার প্রথম কথা ছিল, 'লেখা পাঠাও।' আমি পাঠিয়েছি। আপনার সকল আয়োজনেই আমি মুঞ্চ। আপনি আমার স্বপ্নের ক্যানভাসে আঁকা সংবাদপত্রের এক অলৌকিক মানুষ। সাহসী মানুষ। আদর্শিক মানুষ।

গত ৯ আগস্ট আপনার কাগজে যখন যুদ্ধাপরাধী মতিউর রহমান নিজামী'র একটি সাক্ষাৎকার ছাপা হল তখন আমার ক্যানভাসের মানুষটিকে মুহূর্তেই অচেনা মনে হয়। একান্তরে যে নিজামী সরাসরি মুক্তিযুদ্ধের বিপক্ষে অবস্থান নিয়েছিল আজ তার দেয়া 'ফতোয়া'- 'শেখ মুজিব বাংলাদেশের স্থপতি জাতির পিতা বলা বিতর্কিত হবে' আমাদের শুনতে হবে? মানতে হবে? ওয়ান ইলেভেনের বৈপবিক পরিবর্তনের পর সেনাবাহিনী প্রধানসহ তত্ত্বাবধায়ক সরকার প্রধান ও উপদেষ্টাদের শেখ মুজিবুর রহমান বিষয়ে নানা উচ্চারণের পর দেশের মানুষ যখন মানসিকভাবে তাকে জাতির পিতা হিসেবে মেনে নেয়ার জন্যে প্রস্তুত ঠিক সেই মুহূর্তে একজন স্বঘোষিত স্বাধীনতাবিরোধী এই দস্তোজিটি আপনি কেন আলোকিত করলেন?

প্রিয় নাঈম ভাই, যারা বাংলাদেশের সংবাদপত্রের সামান্যতমও খবর রাখেন তারা প্রত্যেকেই জানেন আপনি উল্টো স্রোতে নৌকো চালাতে পছন্দ করেন। আপনার ভাবনা অনেক সম্পাদকের চে' বেশি অগ্রসর। সংবাদপত্রের নতুন ধারা নির্মাণের এক দক্ষ কারিগর আপনি। কিন্তু একথা আপনাকে মানতেই হবে, নিজামীর মতো নিষিদ্ধ এক মানুষকে তুলে ধরবার সময় এখন নয়। আপনাকে একথা ভুললে চলবে না, দেশে এবং বিদেশে এটা তীব্রভাবে আলোচিত হচ্ছে যে, বর্তমান সরকার সকল দলের রাজনৈতিক নেতাকর্মীদের বিরুদ্ধে অভিযান চালালেও জামাতীদের গায়ে ফুলের টৌকাও পড়ছে না। এমন একটি মুহূর্তে জামাত প্রধানকে 'আমাদের সময়'- এর মতো একটি উজ্জ্বল মঞ্চে তুলে ধরার অর্থ নিশ্চয় আপনাকে বলে দিতে হবে না।

গত ৮ আগস্ট 'আমাদের সময়' এর গোয়েন্দা সম্পৃক্ততা' শিরোনামে আপনার একটি লেখা ছাপা হয়েছিল। লেখাটি ছিল সময়োপযোগী এবং সম্পাদকের এক অসাধারণ জবানবন্দি। আমরা যারা আপনার অনুরক্ত, ভক্ত তারা আরেকবার নতজানু হয়েছি আপনার স্পষ্টবাদিতার কাছে। মননের সততার কাছে।

দেশের প্রধান দুটি দলের এক নেত্রী আজ কারাগারে বন্দি । জরুরি আইনের কারণে অন্যজনও কথা বলতে পারছেন না স্বাধীনভাবে; আর আপনি ‘নিষিদ্ধ রাজনীতি’র উঠোনে দাঁড়িয়ে এক নিষিদ্ধ রাজনীতিকের বিতর্কিত বক্তব্য তুলে ধরেছেন । আজ কেউ যদি নতুন করে প্রশ্ন তোলে জামাতের সঙ্গে আমাদের সময়-এর সম্পৃক্ততার-তাহলে কী জবাব দেবেন, প্রিয় নাসিম ভাই ?

প্রিয় নাসিম ভাই,

মাসুদা ভাষ্টি’র মতো আমিও বলছি, দয়া করে লেখাটি ছাপাবেন । বাংলাদেশে আপনি ছাড়া আর কোনও সম্পাদকের এই উদারতা আছে বলে মনে করি না ।

সিডনি, ১১ আগস্ট ২০০৭

লেখকঃ সম্পাদক, অস্ট্রেলিয়া থেকে প্রথম ইন্টারনেট পত্রিকা ‘বাসভূমি’ ।